# বেসিক ব্যাংক লিমিটেড
শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক
দিলকুশা শাখা, ঢাকা।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক সার্টিফিকেট দ্বারা অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে**

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **বেসিক ব্যাংক লিমিটেড, দিলকুশা শাখা,** ১৪ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এর খেলাপী ঋণ গ্রহীতা/ বিবাদী/দায়িকগন যথাক্রমে **(১) M/S. Trusted Dredging Company** প্রতিনিধিত্বে উহার স্বত্ত্বাধিকারী জনাবা হাবীবা রহমান (হ্যাপী), স্বামী-মোঃ মাহাবুবুর রহমান, অফিস- লেভেল নং-০৪, স্যুট নং-এফ ৩৯, মজুমদার হাউজ, পুরানা পল্টন, ঢাকা-১২১৭, বর্তমান ঠিকানা- বাসা নং-১৪৮১/এ, খিলগাঁও, ডাকঘর-খিলগাঁও-১২১৯, থানা-খিলগাঁও, জেলা-ঢাকা, করেসপন্ডেন্স ঠিকানা-ট্রেজারী আইল্যান্ড, ৫ম তলা, ৪২/৪৩, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা এবং ফ্ল্যাট নং-৪০৪, বাড়ী নং-৮৮, রোড নং-১৫ (পুরাতন), ৮/এ (নতুন) ধানমন্ডি, ঢাকা-১২০৯। **(২) জনাবা হাবীবা রহমান (হ্যাপী),** স্বত্ত্বাধিকারী-**M/S. Trusted Dredging Company,** স্বামী-মোঃ মাহাবুবুর রহমান, পিতা-আব্দুল বারেক আকন, অফিস-লেভেল নং-০৪, স্যুট নং-এফ, ৩৯, মজুমদার হাউজ, পুরানা পল্টন, ঢাকা-১২১৭, স্থায়ী ঠিকানা-বাসা নং-১৪৮১/এ, খিলগাঁও, ডাকঘর-খিলগাঁও-১২১৯, থানা-খিলগাঁও, জেলা-ঢাকা, বর্তমান ঠিকানা-ফ্ল্যাট নং-৪০৪, বাড়ী নং-৮৮, রোড নং-১৫ (পুরাতন), ৮/এ (নতুন) ধানমন্ডি, ঢাকা-১২০৯, এবং রোড নং-০৭, হাউজ নং-০৩, ব্লক-সি, নিকেতন, গুলশান, ঢাকা-১২১২। করেসপন্ডেন্স ঠিকানা-ট্রেজারী আইল্যান্ড, ৫ম তলা, ৪২/৪৩, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা। **(৩) জনাব মোঃ মাহাবুবুর রহমান,** পিতা-মৃত মোঃ করিম হাওলাদার, বর্তমান ঠিকানা-ট্রেজারী আইল্যান্ড, ৫ম তলা, ৪২/৪৩, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা। স্থায়ী ঠিকানা-গ্রাম ও পোষ্ট-তেলিহাতি, থানা-ভান্ডারিয়া, জেলা-পিরোজপুর। করেসপন্ডেন্স ঠিকানা-ফ্ল্যাট নং-৪০৪, বাড়ী নং-৮৮, রোড নং-১৫ (পুরাতন), ৮/এ (নতুন) ধানমন্ডি, ঢাকা-১২০৯, এবং রোড নং-০৭, হাউজ নং-০৩, ব্লক-সি, নিকেতন, গুলশান, ঢাকা-১২১২। **(৪) জনাব খলিলুর রহমান,** পিতা-আজিজ হাওলাদার, মাতা-শাহেদা বেগম, স্থায়ী ঠিকানা-বাসা নং-১৫৪, স্বাধীনতা স্মরনী, পূর্ব বাড্ডা, ডাকঘর-গুলশান-১২১২, থানা-বাড্ডা, জেলা-ঢাকা। বর্তমান ঠিকানা-চ-১০৩/১, উত্তর বাড্ডা, থানা-বাড্ডা, জেলা-ঢাকা এদের বিরুদ্ধে ডিক্রীদার **বেসিক ব্যাংক লিমিটেড, দিলকুশা শাখা,** ঢাকা, অর্থজারী মোকদ্দমা নং-৪৮১/২০২৩ দায়ের করিয়া অর্থঋন আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের পাওনা ও ডিক্রীকৃত **টাকা ৫,১৫,৮৭,৮৪২.২২(পাঁচ কোটি পনেরো লক্ষ সাতাশি হাজার আটশত বিয়াল্লিশ টাকা বাইশ পঁয়সা) টাকা মাত্র** (১৫-০৯-২০২৩ ইং তারিখ পর্যন্ত) এবং উক্ত টাকা আদায় কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিল ভুক্ত সম্পত্তি দখল ভোগের/বিক্রয়ের অধিকার লাভ করে এবং বিগত ২৪.১১.২০২৪ ইং তারিখে বিজ্ঞ জজ, অর্থঋন আদালত, ঢাকা ডিক্রীদার ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুসঙ্গিক খরচ আদায়ের লক্ষে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। **আগামী ১৩/০৮/২০২৫ ইং** তারিখ বেলা ২.০০ (দুই) ঘটিকার মধ্যে ব্যাংকের দিলকুশা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি বা রেজিস্ট্রীকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্ত মুক্ত হইতে হইবে।

**-শর্তসমূহ-**

০১. প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) টেন্ডার মূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

০২. দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

০৩. প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে "বেসিক ব্যাংক লিমিটেড" এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

০৪. অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

০৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা কম জামানত বা ত্রটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

০৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

০৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

০৮. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

০৯. কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

**= সম্পত্তির তফসিল =**

জিলা-ঢাকা, থানা-রমনা, সাব রেজিষ্ট্রী অফিস- সদর, মৌজা-বড় মগবাজার, জে, এল, নং- সি. এস- ২৮০, আর. এস- ১, সিটি জরীপ-২, খতিয়ান নং- সি. এস-২১৩, এস. এ-২৯১, আর. এস-৮২, সিটি জরীপ-১৯৪০, নামজারী খতিয়ান নং- ৫৯৯৩, জোত নং-৫৯৮৩, দাগ নং-সি. এস-২০৭/৪৮৮, এস. এ-৬১৬ ও ৬১৯, আর. এস-২০১৬ ও ২০১৭, সিটি জরীপ- ৪৪৫০, জমির পরিমান-৫১০ অযুতাংশ, ইহার মধ্যে অবিভক্ত ও অচিহ্নিত ৩০০ (তিনশত) অযুতাংশ ও তদস্থিত নির্মিত ৬ (ছয়) তলা বিশিষ্ট বাড়ীর ২য় তলার উত্তর স্বার্শের ফ্ল্যাট, তৃতীয় তলার দক্ষিণ স্বার্শের ফ্ল্যাট, ৪র্থ তলার উত্তর স্বার্শের ফ্ল্যাট, ৫ম তলার উত্তর ও দক্ষিণ স্বার্শের ফ্ল্যাট, ৬ষ্ঠ তলার দক্ষিণ স্বার্শের ফ্ল্যাট, নীচ তলার ফ্ল্যাটের পশ্চিম স্বার্শের ৬০% অর্থাৎ ৫৪০ বর্গফুট, সর্বমোট ৬৫৪০ (ছয় হাজার পাঁচশত চল্লিশ) বর্গফুট ও গাড়ীর গ্যারেজের অর্ধেকাংশ সহ অন্যান্য যৌথ সুবিধাদী, যাহার ঢাকা সিটি কর্পোরেশন হোল্ডিং নং-৪৪, দিলু রোড, মগবাজার, ঢাকা। যাহার চৌহদ্দিঃ উত্তরে-ফরিদা বেগম এবং অন্যান্য, দক্ষিণে-আনোয়ারা বেগম এবং অন্যান্য, পূর্বে-মোজাফফর হোসেন এবং পশ্চিমে-আমিনুল হক এবং অন্যান্য।

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
**দিলকুশা শাখা, ঢাকা।**

প্রকাশ তারিখঃ ১৮/০৭/২০২৫
যুগান্তর
কালবেলা